গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রংপুর
dss.rangpurdiv.gov.bd

নম্বর- ৪১.২৭.৮৫০০.০০০.৯৯.০১৫.২৫. ৮৮৭ (৭৫)

তারিখঃ ০১ অক্টোবর ২০২৬ খ্রিষ্টাব্দ

শোকবার্তা

গভীর দুঃখের সাথে জানানো যাচ্ছে যে, জনাব মো: মনোয়ারুল ইসলাম মিলু, ইউনিয়ন সমাজকর্মী, উপজেলা সমাজসেবা কার্যালয়, চিলমারী গত ৩০ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ তারিখ রাত ০৩:৩০ ঘটিকায় নিজ আবাসস্থলে হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে মৃত্যুবরণ করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

তিনি একজন অত্যন্ত দক্ষ, কর্মঠ ও নিষ্ঠাবান ইউনিয়ন সমাজকর্মী ছিলেন। কর্মক্ষেত্রে তিনি তাঁর সততা, সদালাপী, হাস্যোজ্জ্বল ব্যবহার এবং দায়িত্বশীলতার জন্য উপজেলা ও উপজেলার বাইরের কর্মকর্তা-কর্মচারীদের কাছে অত্যন্ত প্রিয় মুখ ছিলেন। জনাব মো: মনোয়ারুল ইসলাম মিলু, গ্রাম: মন্ডলপাড়া, ডাকঘর ও উপজেলা: চিলমারী, জেলা: কুড়িগ্রাম এর এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। মৃত্যুকালে তিনি বাবা, মা, স্ত্রী, ০৫ বছরের এক পুত্র সন্তান এবং অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

আমরা তাঁর অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশ করছি এবং তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছি। মহান আল্লাহতায়ালা তাঁকে জান্নাতুল ফেরদৌস নসিব করুন।

০১/১০/২৬

(মোছা: জিলুফা সুলতানা)
পরিচালক (উপসচিব)
বিভাগীয় সমাজসেবা কার্যালয়
রংপুর বিভাগ, রংপুর
ফোন নং- ০২৫৮৮৮০৯১২৮
E-mail# dir.rangpurdiv@dss.gov.bd

০১/১০/২৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) -

০১. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
০৩. পরিচালক (প্রশাসন ও অর্থ/সামাজিক নিরাপত্তা/প্রতিষ্ঠান/কার্যক্রম/পরিকল্পনা ও উন্নয়ন/শিশু সুরক্ষা), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
০৪. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল), রংপুর বিভাগ, রংপুর।
০৫. উপজেলা সমাজসেবা অফিসার (সকল), রংপুর বিভাগ, রংপুর।
০৬. জনাব/বেগম .....
০৭. সংরক্ষণ।